
# ফের ভোররাতে ভূমিকম্পে কাপলো দেশ



ছবি: সংগৃহীত

ভোরের শান্ত সময় হঠাৎ কেঁপে ওঠে দক্ষিণ-পশ্চিমাঞ্চল। মঙ্গলবার (৩ ফেব্রুয়ারি) সকাল ৪টা ৩৬ মিনিটে ৪.১ মাত্রার একটি হালকা ভূমিকম্প অনুভূত হয়।
আবহাওয়া অধিদফতর জানায়, কম্পনের কেন্দ্র ছিল সাতক্ষীরার কলারোয়া এলাকায় এবং এর গভীরতা ছিল প্রায় ১৫০ কিলোমিটার। একই তথ্য প্রকাশ করেছে ইএমএসসি ও ভারতের ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজি।
কম্পনটি গভীরে হওয়ায় এবং মাত্রা কম থাকায় কোথাও বড় ধরনের ক্ষয়ক্ষতি বা হতাহতের খবর মেলেনি।
বিশেষজ্ঞদের মতে, সাম্প্রতিক সময়ে দেশের বিভিন্ন স্থানে বারবার ছোট ও মাঝারি মাত্রার ভূকম্পন অনুভূত হওয়া ভবিষ্যৎ পরিস্থিতি নিয়ে উদ্বেগ বাড়াচ্ছে।

LENS ASIA